১০০৫

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
পরিবহন ভবন
২১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

# বিআরটিসি শিক্ষা সহায়তা তহবিল নির্দেশিকা-২০২১

**ভূমিকা**

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনে চাকুরিরত কর্মচারীর সন্তানদের লেখাপড়ায় আরো উদ্যোগী ও উৎসাহ প্রদানের লক্ষ্যে গত ১০/০৩/২০০২ খ্রিঃ তারিখে কর্পোরেশনের ২৩৪তম পর্ষদ সভায় 'বিআরটিসি শিক্ষা তহবিল' গঠনের নীতিগত সিদ্ধান্তের প্রেক্ষিতে একটি সঞ্চয়ী হিসাব খোলা হয়। কিন্তু তহবিলটি পরিচালনার জন্য অদ্যাবধি কোনো প্রকার নির্দেশিকা প্রণয়ন করা হয়নি। কর্পোরেশনের আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন, যাত্রীসেবার মান বৃদ্ধিসহ বিআরটিসি'র সকল কর্মচারীদের কল্যাণের উপর গুরত্বারোপ করিয়া বর্তমান চেয়ারম্যান বিভিন্ন নির্দেশনা ও পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। এরই ধারাবাহিকতায় 'বিআরটিসি শিক্ষা তহবিল' সুষ্ঠভাবে পরিচালনার জন্য সরকারের দিক-নির্দেশনা অনুসরণপূর্বক তহবিল পরিচালনার জন্য নিম্নরুপ নির্দেশিকা প্রনয়ন করা হইল।

**১। শিরোনামঃ- ইহা 'বিআরটিসি শিক্ষা সহায়তা তহবিল নির্দেশিকা-২০২১'** নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞাঃ**

ক) **'শিক্ষা তহবিল'** বলিতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনে চাকুরিরত স্থায়ী কর্মচারীর সন্তানদের লেখাপড়ায় আরো উদ্যোগী ও উৎসাহ প্রদানের লক্ষ্যে এককালীন আর্থিক সহয়তা বা বিশেষ প্রণোদনা দেয়ার উদ্দেশ্যে গঠিত তহবিল;

খ) **'স্থায়ী কর্মচারী'** বলিতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন ২০২০ অনুযায়ী কর্মরত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের বুঝাইবে;

গ) **'শিক্ষার্থী'** বলিতে বিআরটিসি'তে কর্মরত স্থায়ী কর্মচারীর স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় অথবা সমমানে পাঠরত সন্তানদের বুঝাইবে;

ঘ) **'কর্পোরেশন'** বলিতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) বুঝাইবে;

ঙ) **'কর্তৃপক্ষ'** বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা এতদ্দারা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ'কে বুঝাইবে;

চ) **'কমিটি'** বলিতে এই নির্দেশিকার আওতায় গঠিত কমিটি বুঝাইবে;

ছ) **'আর্থিক সহায়তা বা বিশেষ প্রণোদনা'** বলিতে এই নির্দেশিকার আলোকে প্রদত্ত এককালীন আর্থিক সহায়তা বা বিশেষ অনুদান বা পুরস্কার বুঝাইবে;

জ) **'নির্দেশিকা'** বলিতে এই নির্দেশিকায় বর্ণিত নির্দেশনা বা নিয়ম-নীতি'কে বুঝাইবে;

চলমান পাতা-

ঝ) **'মাসিক বেতন'** বলিতে মাসিক মূল বেতন/ব্যক্তিগত বেতন/বিশেষ বেতন'কে বুঝাইবে;

ঞ) **'চাঁদা'** বলিতে তহবিল সংগ্রহের লক্ষ্যে নির্ধারিত চাঁদা ও বিভিন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তি হইতে সংগৃহীত অর্থ বুঝাইবে;

ট) **'উৎস'** বলিতে তহবিল সংগ্রহের লক্ষ্যে নির্ধারিত চাঁদা ও বিভিন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তি হইতে সংগৃহীত অর্থ বুঝাইবে;

ঠ) **'প্রধান কার্যালয়'** বলিতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর প্রধান কার্যালয়- পরিবহন ভবন, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা-১০০০।

**৩। উদ্দেশ্যঃ**

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনে চাকুরিরত স্থায়ী কর্মচারী বা অস্বচ্ছল কর্মচারীর মেধাবী সন্তানদের লেখাপড়ায় আরো উদ্যোগী ও উৎসাহ প্রদানের লক্ষ্যে এককালীন আর্থিক সহয়তা বা বিশেষ প্রণোদনা দেয়া এবং এতদুদ্দেশ্যে গঠিত 'বিআরটিসি শিক্ষা তহবিল' সুষ্ঠভাবে পরিচালনা করা।

**৪। প্রয়োগ ও কার্যকারিতাঃ**

ক) কর্পোরেশনের স্থায়ী কর্মচারী এবং সরকার নিযুক্ত প্রেষনে নিয়োজিত কর্মকর্তাগন এই তহবিলের আওতাভূক্ত হইবেন;

খ) ইহা ০১/০৩/২০২১খ্রিঃ হইতে কার্যকর।

**৫। অর্থের উৎসঃ**

এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে বিআরটিসি'তে কর্মরত স্থায়ী কর্মচারীদের মাসিক বেতন হইতে কর্তণকৃত নির্ধারিত চাঁদা ও বিভিন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তি বা অন্য কোন বৈধ উপায় হইতে সংগৃহীত অর্থ।

**৬। চাঁদার পরিমানঃ**

ক) কমিটি কর্তৃক সময়-সময় নির্ধারিত হারে মাসিক চাঁদা।

খ) কমিটি কর্তৃক নতুনভাবে মাসিক চাঁদা নির্ধারন না হওয়া পর্যন্ত চাঁদার হার নিম্নরূপ হইবেঃ

i) ১১ হইতে তদুর্ধ গ্রেড =১০০/- টাকা

ii) ২০ হইতে ১২ গ্রেড = ৫০/- টাকা।

**৭। ব্যবস্থাপনা কমিটিঃ**

'বিআরটিসি শিক্ষা তহবিল' সুষ্ঠভাবে পরিচালনার জন্য ০৫ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি নিম্নরুপ হইবেঃ

| | |
|---|---|
| ১. চেয়ারম্যান | - সভাপতি |
| ২. পরিচালক (প্রশাঃ ও অপাঃ) | - সদস্য |
| ৩. জেনারেল ম্যানেজার (হিসাব) | - সদস্য |
| ৪. সভাপতি, স্কুল ম্যানেজিং কমিটি | - সদস্য |
| ৫. সচিব/ম্যানেজার, বিআরটিসি | - সদস্য সচিব |

**৮। ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধিঃ**

(ক) এই নির্দেশিকার অধীনে তহবিল পরিচালনা করা;

(খ) তহবিলে সঞ্চিত অর্থ কর্পোরেশনের পর্ষদের পূর্বনুমোদনক্রমে সরকারি সঞ্চয় খাত বা অন্য কোন প্রকার লাভজনক ক্ষেত্রে বিনিয়োগ করা। কিন্তু কোন প্রকার ঝুকিপূর্ণখাতে বিনিয়োগ করা যাইবেনা;

(গ) এই তহবিলের আনুষাঙ্গিক ব্যয় নির্বাহ করা;

(ঘ) 'যাচাই-বাছাই কমিটি' কর্তৃক সুপারিশের যথার্থতা পরীক্ষা-নিরীক্ষা করিয়া শ্রেণিভিত্তিক মোট শিক্ষার্থীর সংখ্যা এবং মোট বরাদ্দকৃত বাজেট বিবেচনায় যোগ্য শিক্ষার্থীর অনুকূলে শ্রেণিভিত্তিক শিক্ষাসহায়তার হার নির্ধারণ পূর্বক সভা আয়োজনের মাধ্যমে অনুমোদনের জন্য চেয়ারম্যান, বিআরটিসি বরাবর প্রেরণ করিবেন ;

(ঙ) সময় সময় সরকারি নির্দেশনা/প্রজ্ঞাপন অথবা কর্পোরেশন পর্ষদের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য জরুরী সভা আয়োজন ও সিদ্ধান্ত গ্রহণ;

(চ) বাস্তব অবস্থা বিবেচনায় এই নির্দেশিকার কোন নীতি পরিবর্তন সময়ের দাবি বিবেচিত হইলে কর্পোরেশন চেয়ারম্যানের পূর্বানুমোদনক্রমে তা প্রস্তাব আকারে পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করা।

**৯। হিসাব সংরক্ষণঃ**

ক) মাসিক বেতন হইতে কর্তনকৃত নির্ধারিত চাঁদা এবং বিভিন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তি হইতে সংগৃহীত বিশেষ অর্থ সরকার অনুমোদিত কোন তফসিল ব্যাংকে গচ্ছিত থাকিবে;

খ) প্রধান কার্যালয় হিসাব বিভাগের ফান্ড শাখার কল্যাণ কর্মকর্তা কর্তৃক তহবিল হিসাব সংরক্ষণ করিবেন;

গ) ব্যস্থাপনা কমিটির সভাপতি, জেনারেল ম্যানেজার (হিসাব) ও সদস্য সচিব এর মধ্যে যেকোন দু'জনের যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হইবে। তবে আর্থিক লেনদেনের জন্য সভাপতি/জেনারেল ম্যানেজার (হিসাব) এর যেকোন একজন এবং সদস্য সচিব এর যেকোন একজনের স্বাক্ষরে হিসাব পরিচালনা করা যাইবে;

ঘ) তহবিলের হিসাব সংরক্ষণে পৃথক ক্যাশ বই, নগদ জমা রশিদ বই ব্যবহার করিতে হইবে;

ঙ) হিসাবরক্ষণ কর্মকর্তা (ফান্ড) কর্তৃক সংরক্ষিত হিসাব এবং স্থিতিপত্রসহ প্রস্তুতকৃত হিসাব বিবরনী কমিটি বরাবর উপস্থাপন করিতে হইবে।

**১০। নিরীক্ষাঃ**

বাৎসরিক হিসাব বিবরণী, স্থিতিপত্র, ব্যাংক স্থিতি, অন্যান্য সকল রেকর্ডপত্র এর সঠিকতা যাচাই-বাছাই করার লক্ষ্যে কর্পোরেশনের অডিট বিভাগ কর্তৃক প্রতিবছর নিরীক্ষান্তে দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী গৃহীত ব্যবস্থা পর্ষদ সভায় অবহিত করিতে হইবে।

**১১। যাচাই-বাছাই কমিটিঃ**

বিআরটিসি'র স্থায়ী কর্মচারীদের মেধাবী সন্তানদের শিক্ষা তহবিল হইতে এককালীন সহয়তা বা বিশেষ প্রণোদনা প্রদানের ক্ষেত্রে উপযুক্ত শিক্ষার্থী নির্বাচনের জন্য নিম্নরুপ কমিটি হইবে।

| | |
|---|---|
| (১) পরিচালক (প্রশাঃ ও অপাঃ) | - সভাপতি |
| (২) জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ) | - সদস্য |
| (৩) ডেপুটি জেনারেল ম্যানেজার (অপাঃ) | - সদস্য |
| (৪) ম্যানেজার (প্রশাসন) | - সদস্য |
| (৫) ডেপুটি জেনারেল ম্যানেজার (অডিট) | - সদস্য সচিব |

কর্পোরেশনের সকল ইউনিট হইতে উপযুক্ত শিক্ষার্থী নির্বাচনে মূল কমিটিকে তথ্য-উপাত্ত প্রেরণ পূর্বক সহায়তা প্রদানের জন্য কমিটি চেয়ারম্যান, বিআরটিসি'র পূর্বানুমোদনক্রমে ইউনিট ভিত্তিক উপ-কমিটি গঠন করিতে পারিবে।

**১২। যাচাই-বাছাই কমিটির কার্যপরিধিঃ**

(ক) প্রাপ্ত তথ্য ও উপাত্ত যথাযথভাবে যাচাই-বাছেইয়ের পর শিক্ষা সহয়তা প্রদানের জন্য উপযুক্ত শিক্ষার্থীদের নির্বাচন করিয়া চূড়ান্ত করিবেন;

(খ) নির্বাচিত শিক্ষার্থীদের নাম, পিতা-মাতার নাম, পিতা-মাতার কর্মস্থল, পদবী, শ্রেণি/বর্ষ, রোল নম্বর ও শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ তালিকা প্রস্তুত করিবেন;

(গ) 'যাচাই-বাছাই কমিটি' যোগ্য ও উপযুক্ত শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তভাবে প্রস্তুতকালে কার্যবিবরনীসহ নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ব্যবস্থাপনা কমিটি বরাবর উপস্থাপন করিবেন ।

**১৩। শিক্ষার্থীদের নির্বাচনের শর্তাবলীঃ**

(ক) শিক্ষার্থীদের পিতা/মাতা অবশ্যই বিআরটিসিতে চাকুরিরত স্থায়ী কর্মচারী হইতে হইবে;

(খ) মেধাবী অথবা অস্বচ্ছল মেধাবী নিয়মিত শিক্ষার্থী হইতে হইবে;

(গ) শিক্ষার্থীদের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং উচ্চশিক্ষায় নিয়মিত শিক্ষার্থী হইতে হইবে। নিয়মিত শিক্ষার্থীদের জন্য স্বস্ব শিক্ষা প্রতিষ্ঠানেরে প্রত্যয়ন থাকিতে হইবে;

(ঘ) ছাত্র-ছাত্রীর ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠান হইতে হইবে;

(চ) স্নাতক/স্নাতক(সম্মান)/সমমান, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং তবে সরকারি মেডিকেল কলেজে অথবা সরকারি বিশ্ব বিদ্যালয় অগ্রাধিকার পাইবে;

(ছ) যে ক্ষেত্রে স্বামী/স্ত্রী উভয়ই কর্পোরেশনের চাকরিতে নিযুক্ত আছেন, সেক্ষেত্রে স্বামী অথবা স্ত্রী মধ্য হইতে একজনই সন্তানদের জন্য শিক্ষা সহায়তা প্রাপ্য হইবেন;

(জ) শিক্ষার্থী বিগত বছরে যে পরীক্ষায় পাস করিয়াছে তার মূল মার্কশীটের সত্যায়িত কপি অবশ্যই থাকতে হইবে;

চলমান পাতা-

(ঝ) কোন কর্মচারীর একাধিক সন্তানের ক্ষেত্রে সর্বোচ্চ দুইজন শিক্ষাসহায়তা প্রাপ্য হইবেন;

(ঞ) শিক্ষা সহায়তা তহবিলের আর্থিক দিক বিবেচনায় কমিটি শিক্ষার্থীর সংখ্যা ও আর্থিক সহায়তা নির্ধারন করিবেন।

**১৪। বিশেষ ক্ষমতা**

ক) শিক্ষার্থী নির্বাচনে কোনরুপ জটিলতা দেখা দিলে চেয়ারম্যান, বিআরটিসি এর সিদ্ধান্ত চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হইবে;

খ) এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে সরকারি নীতিমালার সাথে অসঙ্গতিপূর্ণ না হওয়া সাপেক্ষে তাৎক্ষণিক প্রয়োজনে কর্পোরেশনের চেয়ারম্যান সিদ্ধান্ত প্রদান করিতে পারবেন। যাহা পরবর্তী পর্ষদ সভায় অনুমোদন করা যাইবে।

**১৫। বিলুপ্তি**

অনিবার্য কারণে অতি প্রয়োজন বিবেচিত হইলে পর্ষদের অনুমোদনক্রমে কর্পোরেশনের চেয়ারম্যান 'বিআরটিসি শিক্ষা সহায়তা তহবিল নির্দেশিকা ২০২১' রহিতকরণ বা বিলুপ্ত করিতে পারিবেন।

২৭/৭/২২

মোহাম্মদ সাইদুর রহমান
(উপসচিব)
জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ)
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন